# স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন, নিয়ন্ত্রণ ও অনুদান বিতরণ সংক্রান্ত তথ্য

জাতীয় পর্যায়ে নারীকে উন্নয়নের মূলস্রোতধারায় সম্পৃক্ত করে ইতিবাচক পরিবর্তন আনয়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের ভূমিকা অপরিসীম। নারী উন্নয়নে মাঠ পর্যায়ে সরকারের বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর ৬৪টি জেলা এবং ৪২৯টি উপজেলায় সরকার কর্তৃক গৃহীত নারী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন উন্নয়ন কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে । তন্মধ্যে তৃণমূল পর্যায়ের মহিলাদের সার্বিক উন্নয়ন ও দারিদ্র্য নিরসনকল্পে এবং তাদেরকে আর্থ-সামাজিকভাবে স্বাবলম্বী করে গড়ে তুলতে স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা কর্মকর্তাদের মাধ্যমে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন করা হয়। সমগ্র বাংলাদেশে বর্তমানে নিবন্ধিত সমিতির সংখ্যা প্রায় ১৮৬৬৯টি।

মহিলা বিষয়ক অধিদপ্তরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিগুলোকে অনুদান প্রদান কার্যক্রম পশ্চাৎপদ নারী সমাজকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে ১৯৭৮ সাল থেকে অনুদান বিতরণ কার্যক্রম সফলভাবে দরিদ্র নারীদের কল্যাণে অবদান রাখছে। তারই ধারাবাহিকতায় ২০১৭-২০১৮ অর্থ বছরে স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে নিম্নেবর্ণিত অনুদান প্রদান করা হয়েছে।

## সাধারণ অনুদান :

| শ্রেণির ধরণ | টাকার হার | সমিতির সংখ্যা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ক শ্রেণিভুক্ত সমিতি | ২৫,০০০/- | ১১৫০টি (১১৫০×২৫,০০০) | ২,৮৭,৫০,০০০/- |
| খ শ্রেণিভুক্ত সমিতি | ২০,০০০/- | ১২০০টি (১২০০×২০,০০০) | ২,৪০,০০,০০০/- |
| গ শ্রেণিভুক্ত সমিতি | ১৫,০০০/- | ১৮৩৭টি (১৮৩৭×১৫০০০) | ২,৭৫,৫৫,০০০/- |
| | মোট | ৪১৮৭টি সমিতি | ৮,০৩,০৫,০০০/- |

## বিশেষ অনুদান :

২০১৭-২০১৮ অর্থ বছরে ১২৮ টি সমিতিকে ৪০,০০০/- টাকা হারে (১২৮×৪০,০০০/-) =৫১,২০,০০০/- (একান্ন লক্ষ বিশ হাজার) টাকা বিশেষ অনুদান বরাদ্দ প্রদান করা হয়েছে।

## স্বেচ্ছাধীন অনুদান :

২০১৭-২০১৮ অর্থ বছরে মাননীয় মন্ত্রী কর্তৃক স্বেচ্ছাধীন অনুদান হিসাবে ৩২৭টি সমিতিকে ১০,০০০/- টাকা হারে (৩২৭×১০,০০০/-) = ৩২,৭০,০০০/- (বত্রিশ লক্ষ সত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

## অর্জিত সাফল্য :

সমাজে নারীর অবস্থা ও অবস্থানের ইতিবাচক পরিবর্তন আনয়নের লক্ষ্যে নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ বিভিন্ন উন্নয়নমূলক ও সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি গ্রহণ করছে। ফলে ক্রমান্বয়ে গোটা নারী সমাজের অবস্থার উন্নয়ন ঘটছে। ১৯৭৭-৭৮ হতে মহিলা বিষয়ক অধিদপ্তরের স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহকে বৎসরওয়ারী অনুদান বিতরণ এবং বছরে প্রতি সমিতি হতে গড়ে প্রায় ১০০ জন দরিদ্র মহিলা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উপকৃত হচ্ছে।

------------------